“পায়ের গোড়ালিসমূহের জন্য আগুনের শাস্তি। তাই তোমরা পূর্ণমাত্রাই ওযু করো।”

আব্দুল্লাহ ইবন ‘আমর রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: এক সময় আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে মক্কা থেকে মদীনায়
ফিরছিলাম। পথিমধ্যে আমরা এক পানির স্থানে পৌঁছলে, কিছু সংখ্যক লোককে আসরের
সালাতের জন্য তাড়াহুড়া করতে দেখলামল। এরা ওযু করতে তাড়াহুড়া করল। আমরা তাদের কাছে পৌঁছে দেখলাম তাদের পায়ের গোড়ালিসমূহ এমনভাবে প্রকাশ পাচ্ছে যে, তাতে পানি পৌঁছেনি। এ দেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “পায়ের গোড়ালিসমূহের জন্য আগুনের শাস্তি। তাই তোমরা পূর্ণমাত্রাই ওযু করো।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের নিয়ে মক্কা থেকে মদীনায় সফর করলেন। পথিমধ্যে তারা পানি পেলেন, ফলে কিছু সাহাবী আসরের সালাতের জন্য অযু করতে তাড়াহুড়া করলেন, ফলে তাদের পায়ের পৃষ্ঠদেশ দৃষ্টিদাতাদের জন্য পানিহীন শুষ্ক জাহির হল। তখন নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন জাহান্নামের শাস্তি ও ধ্বংস তাদের জন্য যারা অযু করার সময় পায়ের পিছনের অংশ ধৌত করতে অবহেলাকারী। এরপর তাদেরকে অযু পূর্ণ করতে যথাযথ প্রচেষ্টার নির্দেশ দিলেন।

http://sunnah.global/hadeeth/bn/show/66392